INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Addl. District Sub-Registrar
Bidhannagar : Salt Lake City

॥ ৪৪,০০০ টাকার সাফ বিক্রয় কোবালা ॥

ক্রেতা ::-

১। শ্রী রানা দাস, পিতা শ্রী বিমল দাস, ২। শ্রী বিমল দাস, পিতা ˘ নয়ন দাস, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - কৃষ্ণপুর বারোয়ারীতলা, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা ॥

বিক্রেতা ::-

১। শ্রী দুলাল রায় কর্মকার, পিতা ˘ আনন্দ মোহন রায় কর্মকার, ২। শ্রী দিলীপ রায় কর্মকার, ৩। শ্রী প্রদীপ রায় কর্মকার, পিতা ˘ নেপাল রায় কর্মকার, সকলের জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - কৃষ্ণপুর, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা ॥

ক্রমশঃ ......

পুরের ......

Presented for Registration at 12-18 AM/PM
on the 29.1 day of Jan 2003
at the Bidhannagar (Salt Lake City)
Addl. District Sub-Registry Office
by Dulal Ray Karmakar
Executant/Claimant

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

29 JAN 2003

1145

1146

1147

1) Dulal Ray Karmakar
S/o Lt Ananda Mohan Ray
2) Pradip Ray Karmakar
S/o Lt Nepal Ray Karmakar
3) Dilip Ray Karmakar
S/o Lt Nepal Ray Karmakar
of Krishnapur
Rajarhat

Business

Bishwanath Naska
S/o Gopi Nath Naska
of Krishnapur
Rajarhat

Business

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

29 JAN 2003

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.  Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये  ONE THOUSAND RUPEES



কস্য সম্পূর্ণ নিদর্দায় ও নির্দ্দোষ অবস্থায় জমি জমা মায় কমন প্যাসেজের চলাচলের স্বত্ব সমেত দরবস্ত হকুক সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা পত্রমিদং কার্যঞ্চাগে ::-
জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিস্ট্রী মোং বিধাননগর সামীল কলিকাতা - পরগণার মৌজা কৃষ্ণপুর গ্রামে ২২৮।২২৯ নং তৌজির হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিনে রায়ত দখলী স্বত্বীয় হাল ১০৬৩ নং খতিয়ান ভুক্ত ৭৯ শতক জমি বার্ষিক ৩৴ টাকা আনা জমার জমি । যাহা আনন্দ মোহন রায় কর্মকার মহাশয়ের নিজ নামে রেকর্ডিয় খাস দখলী ভোগ দখলীয় সম্পত্তি থাকে । তিনি উক্ত সম্পত্তি নিজ খাসে নিব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকাকালে আমি ১ নং বিক্রেতা আমাকে পুত্র ও আমার অপর সহোদর অধুনা মৃত নেপাল রায় কর্মকারআমাদিগকে পুত্র বিধায় ওয়ারেশ

রাখিয়া ....

পূর্বে ......

INDIA NON JUDICIAL

১০০০রু. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रूपये ONE THOUSAND RUPEES



রাখিয়া পরলোক গমন করিলে পর আমি ১ নং বিক্রেতা ও আমার সহোদর উক্ত নেপাল রায় কর্মকার তৎ ওয়ারেশ সূত্রে পুত্র বিধায় প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকাকালে আমার সহোদর নেপাল রায় কর্মকার মহাশয় আমরা ২ – ৩ নং বিক্রেতা আমাদিগকে পুত্র বিধায় ওয়ারেশ রাখিয়া উক্ত নেপাল রায় কর্মকার মহাশয় পরলোক গমন করিলে পর আমরা ২ – ৩ নং বিক্রেতা তৎ ওয়ারেশ পুত্র বিধায় প্রাপ্ত হইয়াছি । এই প্রকারে উক্ত .৭৯ শতক জমির আমরা বিক্রেতা গণ ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া খাসে এজমালীতে ভোগ দখল করিয়া আসিতেছি । আমরা বিক্রেতা আমাদের নাম বরাবর খাজনা ও ট্যাক্সাদি আদায়ের রসিদ প্রাপ্ত হইতেছি । উহা দান বিক্রয় করিবার আমাদের উত্তম নিব্যূঢ় স্বত্ব বর্তমান আছে ।

এক্ষণে .....

পাতায় জান ।

পূর্ব ......

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.    Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये    FIVE HUNDRED RUPEES

:: ৪ ::

এক্ষণে নানা কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের ওয়ারেশ সূত্রে ও অত্র সহ দাখিলী নক্সায় চিহ্নিত নির্দিষ্ট ও লাল রেখা দ্বারা সীমাকৃত " এ" পত্র ভূক্ত ৪ ' - ০'' ফুট প্যাসেজ সহ ৩৬৫২ ও ৩৬৬০ দাগের মোট জমির মধ্যে প্যাসেজ সহ /১ এক কাঠা জমি মায় কমন প্যাসেজের চলাচলের স্বত্ব মায় যাবতীয় ইজমেন্ট রাইট সহ বার্ষিক হারাহারী মতে /৮ পয়সা জমা । বর্ত্তমান বাজার উচিৎ মূল্য বেলমোক্তা ৪৪,০০০ , চুয়াল্লিশ হাজার টাকা পণে অত্র সাফ কোবালায় আপনাদের নিকট বিক্রয় করিলাম এবং আমাদের স্থলে আপনাদিগকে সম্পূর্ণ রূপে খাস দখল দিলাম। আপনারা অদ্য হইতে আমাদের যাবতীয় নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান, ভোগবান দখলে দখলীকার ও দান, বিক্রয় আদির স্বত্বাধিকারী হইয়া মালিক সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমাদের নামের পরিবর্ত্তে আপনাদের নিজ নিজ নাম জারী পূর্ব্বক ধার্য্যকৃত খাজনা ও

ট্যাক্সাদি .....

[illegible] জান ।

পূর্ব্বে ......

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES




ট্যাক্সাদি আদায়ে খনন, ভরাট, ইট, ইমারতাদি নির্ম্মাণ পূর্ব্বক বসবাস আদির দ্বারা যদৃচ্ছা ব্যবহারে পুত্র পৌত্রাদি, ওয়ারিশানগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কস্মিনকালেও আমরা পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণ ক্রমে কেহ কোন প্রকারে দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিবনা বা কেহ পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র বাতিল ও আদালত অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, সংশ্রব, লভ্য দাবী দাওয়া ইত্যাদি ছিল বা আছে অদ্যই এই কোবালার বলে আপনাদিগতে সম্পূর্ণ রূপে বর্ত্তিল। বিক্রীত সম্পত্তি আমরা ইতি পূর্ব্বে অন্য কোথায় কোন প্রকারে হস্তান্তর বা দায় সংযোগ করি নাই বা স্বত্ব দখলের দোষ ত্রুটি নাই বা বেনাম করিয়া রাখি নাই বা আমরা কাহারও বেনামদারনহি বা বিক্রয় চুক্তিতে বায়না করিয়া রাখি নাই বা আমাদের কোন দেনার দায়ে আদালত কর্ত্তৃক ক্রোক নীলাম হয়

নাই ......

দাগের জাম।

পূর্ব্বে ......

50 Rs.






নাই বা কাহাকেও বিলি বন্দোবস্ত দিই নাই বা উহা কোন প্রকার এ্যাকোয়ার স্কীম ভুক্ত সম্পত্তি নহে। উহা সম্পূর্ণ নিদায় ও নির্দোষ অবস্থায় আমাদের খাস দখলে থাকাকালীন অত্র সাফ কোবালায় আপনাদের নিকট বিক্রয় করিলাম এবং আমাদের স্হলে আপনাদিগকে সম্পূর্ণ রূপে খাস দখল দিলাম। বিশেষ ভাবে প্রকাশ থাকে যে, যদি কোন কারণে আপনাদিগকে আপনাদের খরিদা সম্পত্তি হইতে বেদখল বা ক্ষতিগ্রস্হ হইতে হয় তাহা হইলে আপনাদের সমূহ ক্ষতি পূরণ করিয়া দিতে বাধ্য রহিলাম। যদি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পায় তবে প্রচলিত আইন আমলে আসিয়া দায়ীক ও দন্ডনীয় হইব ও সমূহ ক্ষতী পূরণ করিয়া দিতে বাধ্য রহিলাম। আর যদি ভুল থাকা প্রকাশ পায় তবে যে কোন প্রকার সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্হ শরীরে দলিলের মর্ম্ম সম্যক পাঠ করিয়া ও করাইয়া শুনিয়া অবগত হইয়া পণের লিখিত ৪৪,০০০. চুয়াল্লিশ হাজার টাকা নিম্ন জায়মত নগদ গ্রহণ

করিয়া .....

দাগের জাম।

পূর্ব্ব ......

করিয়া স্বেচ্ছায় সুজ্ঞানে অন্যের বিনানুরোধে এই সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৪০৯ সালের ১৩ই ফাল্গুন ইংরাজী ২০০৩ সালের ২৭শে ফেব্রুয়ারী

## ।। তপশীল বিক্রীত সম্পত্তি ।।

**********************

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব - রেজিস্ট্রী অফিস বিধাননগর সামীল কলিকাতা পরগণার মৌজা কৃষ্ণপুর গ্রামে জে.এল. ১৭, রে.সা. ১৮০, তৌজি ২২৮।২২৯ নং ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিনে রায়ত দখলী স্বত্বীয় হাল ১০৬৩ নং খতিয়ান ভুক্ত .৭৯ শতক জমি বার্ষিক ৩৶ আনা টাকা জমার মধ্যে রাজারহাট গোপালপুর পৌরসভার ৯৮ নং ওয়ার্ড ভুক্ত

দাগ হাল ৩৬৫২ ছত্রিশ শত বাহান্ন ও ৩৬৬০ ছত্রিশ শত ষাট দাগে আমাদের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত .২৬ শতক জমির মধ্যে অত্র সহ দাখিলী নক্সায় চিহ্নিত নির্দিষ্ট ও লাল রেখা দ্বারা সীমাকৃত ৪ ' . ০ '' ফুট প্যাসেজ সহ ১ এক কাঠা জমি বার্ষিক হারাহারী মতে ৷৫ পয়সা জমা । অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে । অত্র সহ দাখিলী নক্সা খানি দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

## ।। চৌহদ্দি ।।

**************

উত্তরে ::- হাল ৩৬৫৮, ৩৬৬০ দাগের জমি ।

দক্ষিণে ::- ৪ ' - ০ '' ফুট প্যাসেজ, তৎপরে হাল ৩৬৫৮, ৩৬৬০ দাগের জমি ।

পূর্বে ......

॥ ৮ ॥

পূর্ব্বে ::- শ্রী রুনু চক্রবর্ত্তী দিং ॥

পশ্চিমে ::- কৃষ্ণপুর রোড ॥

॥ টাকার জায় ॥

অদ্য তারিখে নগদ ৪৪,০০০ , চুয়াল্লিশ হাজার টাকা মাত্র ।

ইসাদী ::-

মুসাবিদাকারক ::-

শ্রী দুলাল মন্ডল,

সাং - শুলংগড়ী, রাজারহাট,


লাইসেন্স নং -

টাইপকারক ::-

বীরেন সাহা

সাহা টাইপ চেম্বার,

হাতিয়াড়া, কলকাতা - ৫৯ ।


SITE PLAN OF LAND AT MOUZA - KRISHNAPUR ; J.L. NO-17 ; R.S. NO-180 ; TOUJI
NO-228/229 ; IN R.S. KHATIAN NO-1063 ; R.S. DAG NO - 3660 ; UNDER - P.S. RAJARHAT ;
DISTRICT - NORTH 24 PARGANAS ; UNDER RAJARHAT GOPALPUR MUNICIPALITY
WARD NO - 16 ;
LAND SOLD TO : - PL-(A) SRI - RANA - DAS ;
" " " : - " -(B) SMT - RANU CHAKRABORTY ;
" " " : - " -(C) SMT - CHARU - CHAKRABORTY ;
" " BY : - 1. DULAL ROY ; 2. DILIP ROY ; 3. PRADIP ROY ;
SCALE - 1" = 20'-0"
AREA OF LAND - 1K-0 ch.
AREA OF LAND - 12 ch.
AREA OF LAND - 1K-0 ch.
S
KRISHNAPUR P.D. ROAD
R.S. DAG NO - 3652
R.S. DAG NO - 3660
PART STORE PLACE
40'-0"
PL-(A)
1K-0 ch.
18'-0"
30'-0"
PL-(B)
12 ch.
40'-0"
PL-(C)
1K-0 ch.
3'-0" COMMON PASSAGE. 40'-0"
R.S. DAG NO - 3652
R.S. DAG NO - 3660
8'-0" WIDE ROAD
DRAWN BY

পূর্বে ......